

“খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য সন্ত্রণালয়ের ১৪-১০-২০২৪ খ্রি. তারিখের ২০৭ নং স্মারকে জারীকৃত পরিপত্র এবং খাদ্যবান্ধব নীতিমালা, ২০২৪ মোতাবেক বিগত ১২-০২-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাজিতপুর উপজেলায় আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত ছকে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার নিয়োগ দেওয়া হবে। আগামী ১৯-০২-২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে।

ছক: নিয়োগতব্যা ডিলারের সংখ্যা এবং বিক্রয়কেন্দ্র

ক্র. ন.	ইউনিয়নের নাম	বরাদ্দকৃত মোট কার্ড সংখ্যা	ডিলার সংখ্যা	বিক্রয় কেন্দ্র
১.	হুমাইপুর	২৯৮ টি	০১ জন	হুমাইপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
২.	দিলালপুর	৩৭১ টি	০১ জন	দিলালপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
৩.	বলিয়াদী	৩৫২ টি	০১ জন	বলিয়াদী ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
৪.	সরারচর	৪৩৬ টি	০১ জন	সরারচর বাজার
৫.	হালিমপুর	৩৪৭ টি	০১ জন	হালিমপুর বাজার
৬.	হিলচিয়া	৪৬৭ টি	০১ জন	হিলচিয়া বাজার
৭.	দিঘীরপাড়	৪৩৮ টি	০১ জন	দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
৮.	পিরিজপুর	৫১৯ টি	০১ জন	পিরিজপুর বাজার
৯.	মাইজচর	৩৫১ টি	০১ জন	মাইজচর পূর্বপাড়া বাজার
১০.	গাজিরচর	২৮৬ টি	০১ জন	গাজিরচর ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
১১.	কৈলাগ	৩৫১ টি	০১ জন	কৈলাগ ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজার
	সর্বমোট	৪২১৬ টি	১১ জন	

খাদ্যবান্ধব নীতিমালা মোতাবেক ডিলার নিয়োগে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য হবে।

খাদ্যবান্ধব ডিলারের যোগ্যতা:

- বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
- হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- খাদ্যশস্যের লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে।
- আবেদনকারীর দোকান/ সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনের) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণের সক্ষম হতে হবে।
- আবেদনকারীর ইউনিয়নের নির্ধারিত হাট/বাজারের নিজস্ব/ভাড়ার দোকান থাকতে হবে।
- খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না।
- আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
- কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব নীতিমালা, ২০২৪ অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।
- খাদ্যবান্ধব ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
- ডিলার নিয়োগে আগ্রহী ব্যক্তিকে নীতিমালায় উল্লিখিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরমের সংযুক্তিতে উল্লেখিত সনদপত্র প্রদান করতে হবে।


শর্তাবলী:

- খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা নিতে হবে।
- বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ অনুসারে খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ লাভের জন্য আবেদন করতে পারবেন।
- নির্বাচিত ডিলারকে ডিলার শ্রেণির লাইসেন্স গ্রহণ করতে হবে।

নিম্নে উল্লিখিত কারণে আবেদন বাতিল হিসেবে গণ্য হবেঃ

- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে (চাহিত তথ্য ১০০% পূর্ণ থাকতে হবে)।
- ট্রেড লাইসেন্স ও ফুড গ্রেইন লাইসেন্সে ব্যবসা প্রতিষ্ঠানের নামে বৈসাদৃশ্য থাকলে আবেদন বাতিল হবে।
- বিজ্ঞপ্তিতে উল্লিখিত বাজারে দোকান না থাকলে আবেদন বাতিল বলে বিবেচ্য হবে।
- ট্রেড লাইসেন্সে উল্লিখিত ব্যবসা প্রতিষ্ঠানের অস্তিত্ব না পাওয়া গেলে আবেদন বাতিল বলে পরিগণিত হবে।
- ভাড়ায় দোকানের ক্ষেত্রে দোকান ভাড়ার চুক্তি ৩০০ টাকা স্ট্যাম্প না থাকলে আবেদন বাতিল বলে বিবেচ্য হবে। দোকান ভাড়ার চুক্তিপত্রে দোকানের অবস্থান, মালিকের স্বাক্ষর, স্বাক্ষরী স্বাক্ষর থাকতে হবে এবং ডুয়া প্রমাণিত হলে আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
- খাদ্যবান্ধব নীতিমালা- ২০২৪ এর ৫ অনুচ্ছেদে উল্লিখিত ডিলারের যোগ্যতায় ঘাটতি থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ব্যাংক স্বচ্ছলতার সনদের বিগত ১২ (বারো) মাসের লেনদেনের তথ্য থাকতে হবে এবং স্বচ্ছলতার বিষয়ে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ট্রেড লাইসেন্স সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ফুড গ্রেইন লাইসেন্সের সাথে ব্যবসায়িক সম্পর্কবিহীন আবেদনকারী বাতিল বলে গণ্য হবে।

বি.দ্র.- খাদ্যবান্ধব নীতিমালা, ২০২৪ অনুসরণ করে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। সরকার প্রয়োজনবোধে এই নীতিমালায় যে কোন শর্ত ও বিষয় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন এবং সংযোজন করতে পারবে।



তৌহিদুল ইসলাম রিয়াদ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
বাজিতপুর, কিশোরগঞ্জ